# মুক্তিযুদ্ধ-জুলাই আন্দোলনের স্বপ্ন পুরোপুরি বাস্তবায়িত হয়নি: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ এবং জুলাই আন্দোলনের অনেক আশা-আকাঙ্ক্ষা এখনও বাস্তবায়িত হয়নি। তবে রাষ্ট্র পুনর্গঠন এবং জুলাই সনদ বাস্তবায়নের লক্ষ্যে সরকার কাজ করছে বলেও তিনি মন্তব্য করেন।

রোববার (১৯ জুলাই) দুপুরে ন্যাশনাল এডিটরস কাউন্সিল আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, গত ১৫ থেকে ১৬ বছরের গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন, শিক্ষার্থীদের সংগ্রাম এবং প্রাণত্যাগ জাতির সামনে নতুন আশা ও সম্ভাবনার দ্বার উন্মোচন করেছিল। সেই প্রত্যাশা পুরোপুরি ভেঙে গেছে—এমনটি তিনি মনে করেন না। বরং নতুন করে রাষ্ট্র গঠনের যে সুযোগ সৃষ্টি হয়েছে, তা কাজে লাগাতে সবাইকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

তিনি বলেন, জুলাই সনদে স্বাক্ষরিত কিছু বিষয় ইচ্ছাকৃতভাবে এড়িয়ে ভিন্নভাবে উপস্থাপন করা হচ্ছে। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট রাজনৈতিক পক্ষগুলোকে সংবিধান সংশোধন কমিটির আলোচনায় অংশ নেওয়ার আহ্বান জানান তিনি।

বিএনপি মহাসচিব আরও বলেন, মতপার্থক্য থাকলেও সংলাপ ও আলোচনার মাধ্যমেই রাজনৈতিক সমস্যার টেকসই সমাধান সম্ভব।

LENS ASIA